

যেতে পারি,কিন্তু কেন যাব

শক্তি চট্টোপাধ্যায়

ভাবছি, ঘুরে দাঁড়ানোই ভালো
এত কালো মেখেছি দুহাতে
এত কাল ধরে!
কখনো তোমার করে তোমাকে ভাবিনি!

আজ খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে, আয়,আয়,আয়!
এখন গংগার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতাকাঠ ডাকে,আয়,আয়,আয়!

যেতে পারি
যে কোনো দিকেই চলে যেতে পারি
কিন্তু, কেন যাব?

সন্তানের মুখ ধরে একটা চুমো খাব!
যাব
কিন্তু এখনি যাব না!
তোমাদের ও সংগে নিয়ে যাবো
একাকী যাব না অসময়ে!